

স্মারক নং- ০৫.৪৩.৮১০০.০৪.০০২.২৩.০৬

তারিখ: ০৭ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
২২ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে মনোনয়নপত্র বাছাইয়ের স্থানে প্রতিনিধি প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ০৭ জানুয়ারি ২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠেয় দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে রাজশাহী জেলার ০৬টি সংসদীয় আসনের সংসদ সদস্য পদে দাখিলকৃত মনোনয়নপত্রসমূহ নিম্নবর্ণিত তারিখ ও সময়সূচি অনুযায়ী যাচাই বাছাই করা হবে।

মনোনয়নপত্র যাচাই বাছাইয়ের সময়সূচি

| ক্র. নং | সংসদীয় আসনের নাম ও নম্বর | মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | সময় | স্থান |
|---------|---------------------------------------|--|---------------------------------|--|
| ১. | ৫২ রাজশাহী-১ (গোদাগাড়ী ও তানোর) | ১৮ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ ০৩ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ (রবিবার) | সকাল: ১০.০০ টা - সকাল: ১০.৩০ টা | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, রাজশাহী |
| ২. | ৫৩ রাজশাহী-২ (রাজশাহী সিটি কর্পোরেশন) | | সকাল: ১০.৩০ টা - সকাল: ১১.০০ টা | |
| ৩. | ৫৪ রাজশাহী-৩ (পবা ও মোহনপুর) | | সকাল: ১১.০০ টা - সকাল: ১১.৩০ টা | |
| ৪. | ৫৫ রাজশাহী-৪ (বাগমারা) | | সকাল: ১১.৩০ টা - বেলা: ১২.০০ টা | |
| ৫. | ৫৬ রাজশাহী-৫ (দুর্গাপুর ও পুঠিয়া) | | বেলা: ১২.০০ টা- বেলা: ১২.৩০ টা | |
| ৬. | ৫৭ রাজশাহী-৬ (চারঘাট ও বাঘা) | | বেলা: ১২.৩০ টা- দুপুর ০১.০০ টা | |

২। মনোনয়নপত্র দাখিলের শেষ সময় আগামী ৩০ নভেম্বর ২০২৩ খ্রি. তারিখ বিকাল ৪.০০ টা পর্যন্ত। এমতাবস্থায়, মনোনয়নপত্র দাখিলকারীগণের তথ্য মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ ৩০ নভেম্বর ২০২৩ খ্রি. তারিখ সন্ধ্যা ৬.০০ টায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো (ইমেইলের মাধ্যমে সংগ্রহ করা যাবে)। মনোনয়নপত্র দাখিলকারীদের ঋণ খেলাপী, টেলিফোন, গ্যাস, বিদ্যুৎ, পানি বা সরকারের সেবা প্রদানকারী কোন সংস্থার অন্য কোন বিল পরিশোধে ব্যর্থতা ও ফৌজদারী মামলা সংক্রান্ত বিস্তারিত তথ্য আগামী ০২ ডিসেম্বর ২০২৩ খ্রি. তারিখ দুপুর ৩ টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে হার্ডকপি ও সফটকপি (electioncell2024.rajshahi@gmail.com ইমেইল ঠিকানায়) প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

৩। দাখিলকৃত মনোনয়নপত্রসমূহ আগামী ০৩ ডিসেম্বর ২০২৩ খ্রি. তারিখ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, রাজশাহীতে উপরোল্লিখিত সময়সূচি অনুযায়ী যাচাই বাছাই করা হবে। যদি কোন প্রার্থীর বিরুদ্ধে ঋণ খেলাপী/বিল খেলাপী সংক্রান্ত তথ্য থাকে বা কোন প্রার্থীর বিরুদ্ধে ফৌজদারী মামলা সম্পর্কিত অভিযোগ থাকে তাহলে সে বিষয়ে তথ্যাদিসহ উল্লিখিত সময়সূচি অনুযায়ী মনোনয়নপত্র যাচাই বাছাই কার্যক্রমে উপস্থিত থাকার জন্য প্রতিনিধি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।


শায়মা আহমেদ

জেলা প্রশাসক, রাজশাহী

ও

রিটার্নিং অফিসার

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

ফোনঃ ০২৫৮৮৮৫৭০৫০

e-mail:-dcrajshahi@mopa.gov.bd

বিতরণ:

.....
.....
.....